



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

৩০ মাঘ ১৪২৯

তারিখঃ

১৩ ফেব্রুয়ারি ২০২৩

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ এবং ঋণ নথিতে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ১৭ আগস্ট ২০২১ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০৮ এবং ২৯ মার্চ ২০২২ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৪/২০২২ এর মাধ্যমে সিএমএসএমই খাতের অন্তর্ভুক্ত কটেজ, মাইক্রো এবং ক্ষুদ্র উপখাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ডিএফআইএম সার্কুলার নং-০৮/২০২১ এর নির্দেশনা ০১ জানুয়ারি ২০২৩ তারিখ হতে কার্যকর হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সিএমএসএমই খাতের অন্তর্ভুক্ত কটেজ, মাইক্রো এবং ক্ষুদ্র উপখাতের যেসকল প্রতিষ্ঠান ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় উল্লিখিত সংজ্ঞানুযায়ী জনস্বার্থ সংস্থা হিসেবে বিবেচিত হবে, সেসকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ডিএফআইএম সার্কুলার নং-০৮/২০২১ এর নির্দেশনা আগামী ০১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে কার্যকর হবে।

৪। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং-০৮/২০২১ এর সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮